

## বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির শূন্য সদস্যপদে উপ-নির্বাচন ২০২৪

### রিটার্নিং অফিসারের কার্যালয়

বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, অলিম্পিক ভবন (৪র্থতলা), রাজউক এভিনিউ, আউটার স্টেডিয়াম, পুরানা পল্টন, ঢাকা-১০০০

website : www.nocban.org

স্মারক নং-বিওএ/১০১৬/সদস্য/নির্বাচন/ফলাফল/২০২৪/১০৭

তারিখ : ২৮ নভেম্বর ২০২৪

### বিওএ কার্যনির্বাহী কমিটির শূন্য সদস্যপদে উপ-নির্বাচন ২০২৪ এর অনানুষ্ঠানিক ফলাফল


বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির শূন্য ৩টি সদস্যপদে (মাল্টি-গেমস (ম্যাস) স্পোর্টস এসোসিয়েশন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি) নির্বাচনের তফসিল অনুযায়ী গত ২৪ নভেম্বর ২০২৪ইং তারিখে মনোনয়নপত্র বিতরণ করা হয়। নির্ধারিত তারিখে ও সময়ে উক্ত শূন্য ৩টি আসনের বিপরীতে মাল্টি-গেমস (ম্যাস) স্পোর্টস এসোসিয়েশন কোটায় মাত্র ০১ (এক) জন প্রার্থী এবং জাতীয় ক্রীড়া পরিষদ কোটায় ০১ (এক) জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেন, যা নিম্নরূপ :

ক্রঃনং	প্রার্থীর নাম	পদের নাম	ভোটার নম্বর	ক্যাটাগরি (প্রযোজ্য ক্ষেত্রে)
০১	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হুমায়ূন কবীর, এসইউপি (বার), এসপিপি, এনডিসি, পিএসসি	সদস্য	৪০	Multi-Games (Mass) Sports Association Rep.
০২	জনাব মোঃ আমিনুল ইসলাম, এনডিসি	সদস্য	৫১	National Sports Council

০২। ২৫ নভেম্বর ২০২৪ তারিখ নির্ধারিত সময়ের মধ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত ০২ (দুই) জন প্রার্থী রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়ন পত্র দাখিল করেন। ২৬ নভেম্বর, ২০২৪ তারিখে রিটার্নিং অফিসার কর্তৃক বাছাইয়ে মনোনয়নপত্র ২ (দুই) টি বৈধ হিসাবে গৃহীত হয়। ২৮ অক্টোবর ২০২৪ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার না করায় একক প্রার্থী হিসেবে তাঁদের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হয়।

০৩। তফসিলে বর্ণিত নির্বাচনযোগ্য পদে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় অদ্য ২৮/১১/২০২৪ইং তারিখে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রাথমিকভাবে নির্বাচিত ঘোষণা করা হলো।

ক্রঃনং	পদ	প্রার্থীর নাম	ভোটার নম্বর	মন্তব্য
০১	সদস্য	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হুমায়ূন কবীর, এসইউপি (বার), এসপিপি, এনডিসি, পিএসসি	৪০	Multi-Games (Mass) Sports Association Rep. ক্যাটাগরিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত।
০২	সদস্য	জনাব মোঃ আমিনুল ইসলাম, এনডিসি	৫১	National Sports Council ক্যাটাগরিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত।

  
২৮.১১.২০২৪

(মোঃ রাশেদ আহমেদ শামস্)

রিটার্নিং অফিসার

বিওএ কার্যনির্বাহী কমিটির শূন্য সদস্যপদে উপ-নির্বাচন ২০২৪

মোঃ রাশেদ আহমেদ শামস্

রিটার্নিং অফিসার

বিওএ কার্যনির্বাহী কমিটির শূন্য সদস্যপদে উপ-নির্বাচন ২০২৪

### বিতরণ (কার্যার্থে এবং জ্ঞাতার্থে) :

- ১। মহাসচিব, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। নির্বাচন কমিশনার, বিওএ কার্যনির্বাহী কমিটির শূন্য সদস্যপদে উপ-নির্বাচন ২০২৪।
- ৪। ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন।
- ৫। অফিস কপি।